

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর  
১ কারওয়ান বাজার, টিসিবি ভবন (৮ম তলা), ঢাকা  
[www.dncrp.gov.bd](http://www.dncrp.gov.bd)

নং- ২৬.০৪.০০০০.১০৮.১৯.১৭৮.১৬.৫৬৬

তারিখঃ ২৯ সেপ্টেম্বর ২০১৬

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ রবিউল ইসলাম, গাড়ী চালক (শিক্ষানবিশ), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা গত ১ মার্চ ২০১৬ তারিখে রাজধানীর আদাবর থানাধীন শেখেরটেক এলাকায় সহকারী পরিচালক জনাব শাহনাজ সুলতানা ও জনাব রজবী নাহার রজনী এর নেতৃত্বে বাজার অভিযান পরিচালনাকালীন সময়ে আপনি বিক্রমপুর মিষ্টান্ন ভান্ডার (বাড়ী নং- ০৩, রোড-০৪, শেখেরটেক আদাবর) এ অভিযান পরিচালনার পূর্বে গমন করে মোবাইল টিমের ভয় দেখিয়ে চাঁদা দাবি করেন;

যেহেতু, উপর্যুক্ত অভিযোগে অভিযুক্ত কর্মচারী গাড়ী চালক জনাব মোঃ রবিউল ইসলাম এর বিরুদ্ধে অভিযানে গমনকারী অধিদপ্তরের ৭ জন কর্মকর্তা-কর্মচারী লিখিতভাবে গত ১ মার্চ ২০১৬ তারিখ তৎকালীন মহাপরিচালক মহোদয়কে অবহিত করে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। অধিকন্তু তারা অধিদপ্তরের ক্যামেরাম্যান কর্তৃক ধারণকৃত ভিডিও ক্লিপ এর কপি মহাপরিচালক মহোদয়ের দপ্তরে সংযুক্ত সহকারী পরিচালক এর নিকট দাখিল করেন;

যেহেতু, বর্ণিত ঘটনার প্রেক্ষিতে অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ তদন্ত করে প্রতিবেদন দেয়ার জন্য অত্র অধিদপ্তরের উপ পরিচালক (প্রশিক্ষণ ও প্রচার) কে নির্দেশনা প্রদান করা হলে তিনি সরেজমিনে তদন্ত কার্য সম্পন্ন করেন এবং গত ১৩ মার্চ ২০১৬ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন। পরবর্তীতে বিষয়টির উপর পুনরায় তদন্ত করে তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য উপপরিচালক (কার্যক্রম) এবং উপপরিচালক (প্রশাসন ও অর্থ) এর সমন্বয়ে ২ সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়। উপপরিচালক (কার্যক্রম) এবং উপপরিচালক (প্রশাসন ও অর্থ) গত ২৯ মে ২০১৬ তারিখ বর্ণিত বিষয়ে সরেজমিনে তদন্ত কার্য সম্পন্ন করে তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু, মহাপরিচালক মহোদয়ের বরাবর দাখিলকৃত দু'টি তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনেই অত্র অধিদপ্তরের অভিযুক্ত গাড়ীচালক জনাব মোঃ রবিউল ইসলামের বিরুদ্ধে আনীত অভিযোগের প্রাথমিক সত্যতা সন্দেহাতীতভাবে প্রমানীত হয়েছে;

যেহেতু, প্রাপ্ত তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে গত ২৬ জুন ২০১৬ তারিখ ৩৩৭ নম্বর স্মারকে অত্র কার্যালয়ের অভিযুক্ত গাড়ী চালক জনাব মোঃ রবিউল ইসলামের বরাবর কারণ দর্শানো নোটিশ ইস্যু করা হয় এবং ১৪ জুলাই ২০১৬ তারিখের মধ্যে লিখিতভাবে জবাব দাখিলের জন্য নির্দেশনা প্রদান করা হয়। অভিযুক্ত গাড়ীচালক জনাব মোঃ রবিউল ইসলাম গত ১৪ জুলাই ২০১৬ তারিখ তাঁর কারণ দর্শানোর লিখিত জবাব দাখিল করেন। কিন্তু তিনি অভিযোগের অনুলিপি ও রেকর্ডকৃত ভিডিও ক্লিপ এর কপি আত্মপক্ষ সমর্থনের প্রয়োজনে প্রাপ্তির আবেদন করলে স্বচ্ছতা ও ন্যায় বিচারের স্বার্থে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের কপি এবং রেকর্ডকৃত ভিডিও ক্লিপ তাঁকে প্রদান করা হয় এবং ০৩ আগস্ট ২০১৬ তারিখের মধ্যে তার কারণ দর্শানোর জবাবের সমর্থনে অধিকতর জবাব লিখিতভাবে দাখিল করার জন্য নির্দেশনা প্রদান করা হলে তিনি নির্দিষ্ট সময়ের মধ্যেই জবাব দাখিল করেন;

যেহেতু, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১২ এর বিধি ৬(১) অনুযায়ী অভিযুক্ত গাড়ী চালক একজন শিক্ষানবিশ কর্মচারী বিধায় তার কৃত অপরাধের গুরুত্ব বিবেচনায় একই বিধিমালার বিধি ৬(৩)(খ)(অ) অনুযায়ী তিনি শিক্ষানবিশকালে সংশ্লিষ্ট চাকরিতে বহাল থাকার অযোগ্য হিসেবে বিবেচিত হয়েছে;

চলমান পাতা-২

পাতা-২

সেহেতু, উপর্যুক্ত প্রমাণিত অপরাধে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১২ এর বিধি ৬(১) অনুযায়ী অধিদপ্তরের সরাসরি নিয়োগপ্রাপ্ত একজন শিক্ষানবিশ কর্মচারী (গাড়ীচালক) হিসেবে তাঁর কৃত অপারাদের গুরুত্ব বিবেচনায় একই বিধিমালার বিধি ৬(৩)(খ) অনুযায়ী তিনি “শিক্ষানবিশকালে সংশ্লিষ্ট চাকরিতে বহাল থাকার অযোগ্য হিসেবে বিবেচনায়” একই বিধিমালার ৬(৩)(খ)(অ) অনুযায়ী এ আদেশ জারির তারিখ থেকে জনাব মোঃ রবিউল ইসলাম, গাড়ী চালক (শিক্ষানবিশ), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা এর “নিয়োগের অবসান (Termination of appointment)” করা হল।

স্বাক্ষরিত/-

(মোঃ শফিকুল ইসলাম লস্কর)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোনঃ ৮১৮৯৪২৬


ই-মেইলঃ dncrp@yahoo.com

নং- ২৬.০৪.০০০০.১০৮.১৯.১৭৮.১৬.৫৬৬/১(২৪)

তারিখঃ ২৯ সেপ্টেম্বর ২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক (সকল), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৩। উপপরিচালক, সকল বিভাগীয় কার্যালয়, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/ খুলনা/সিলেট/ বরিশাল/রংপুর।
- ৪। উপপরিচালক (সকল), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। সহকারী পরিচালক (সকল), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৭। সহকারী পরিচালক (প্রশাসন), তাঁর অনুকূলে গাড়ীর বুঝিয়া নেয়া এবং উপরোক্ত সিদ্ধান্ত সার্ভিস বুক অস্তত্বুক্তির অনুরোধসহ।
- ৮। হিসাব রক্ষণ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। জনাব মোঃ রবিউল ইসলাম, গাড়ী চালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ১০। অফিস কপি।



(ইফতেখারুল আলম রিজভী)

সহকারী পরিচালক (প্রশাসন)

ফোনঃ ৮১৮৯৪১০